সুদৃঢ় ভিত্তিতে প্রতিষ্ঠিত প্রগতিশীল
দিনাজপুর ব্যাঙ্ক লিঃ
সিডিউল্ড ব্যাঙ্ক — (ক্লিয়ারিং সুবিধাযুক্ত)
নির্ভয়ে টাকা আমানতের বিশ্বস্ত প্রতিষ্ঠান
জঙ্গিপুর, হেড অফিস—দিনাজপুর
সেন্ট্রাল অফিস—১১ ক্লাইভ রো, কলিকাতা
শাখাসমূহ—জলপাইগুড়ি, পার্ব্বতীপুর, ভবানীপুর (কলিকাতা), রায়গঞ্জ রাজসাহী, আলীপুর ডুয়ার, রামপুরহাট। কর্ণওয়ালিস ষ্ট্রীট (কলিকাতা), গাইবান্ধা ও দুবরাজপুর শাখা শীঘ্রই খোলা হইবে।
ম্যানেজিং ডিরেক্টর—রায় সাহেব যতীন্দ্রমোহন সেন
Ex. M. L. C.

Registered
No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

বহু পরীক্ষিত ও উচ্চ প্রশংসিত
পক্ষাঘাতের তৈল ঔষধ
এক মাস ব্যবহারোপযোগী তৈল ঔষধের
মূল্য ১৬৲ ষোল টাকা
চ্যবনপ্রাশ /১ সের ১০৲ মকরধ্বজ ১ তোলা ৬৲
দশভুজা ঔষধালয়
মেডিকেল ডিপ্লোমাপ্রাপ্ত ও গভর্ণমেণ্ট রেজিষ্ট্রীকৃত
কবিরাজ শ্রীশৌরীন্দ্রমোহন গাঙ্গুলী, কবিরত্ন
(প্রেসিডেণ্ট ইউনিয়ন বোর্ড, ভূতপূর্ব্ব চেয়ারম্যান ডি, এস, বোর্ড)
মণিগ্রাম বাসন্তীতলা, পোঃ মণিগ্রাম (মুর্শিদাবাদ)

৩৪শ বর্ষ } রঘুনাথগঞ্জ মুর্শিদাবাদ—১৭ই ভাদ্র বুধবার ১৩৫৪ ইংরাজী 3rd Sep. 1947 { ১৫শ সংখ্যা

আপনার
কম খরচার খাজাঞ্চী
টাকুরিয়া ব্যাঙ্কিং
করপোরেশন লিমিটেড
হেড অফিস
২১-এ, ক্যানিং ষ্ট্রীট, কলিকাতা
ফোন: কলিকাতা ১৭৪৪ টেলিগ্রাম: ষ্ট্রংরুম
শাখাসমূহ
টাকুরিয়া, সাউথ ক্যালকাটা, ক্যানিং, কোন্নগর, রামপুরহাট, বারহারওয়া, সাহিবগঞ্জ, (এস, পি), রঘুনাথগঞ্জ, আওরঙ্গাবাদ (মুর্শিদাবাদ), সোনারপুর।
ম্যানেজিং ডিরেক্টার
ডি, এন, চ্যাটার্জ্জি এফ, আর, ই, এস (লণ্ডন)

ব্যয় নহে—সঞ্চয়
জীবনবীমা ব্যয় নহে—সঞ্চয়। আপনার অর্জ্জিত অর্থ ইহাতে পরহস্তগত হয় না, পরিবারের ভবিষ্যৎ প্রয়োজনের জন্যই ইহা সঞ্চিত থাকে। বৃদ্ধ বয়সে জীবন যাহাতে সচ্ছলভাবে চলিয়া যায়—ইহা তাহারই প্রস্তুতি; আপনার অবর্ত্তমানেও যাহাতে প্রিয় পরিজনকে কষ্টভোগ করিতে না হয় ইহা তাহারই সুচারু ব্যবস্থা। সময় থাকিতে দুঃসময়ের জন্য সাবধান হওয়া সকলেরই কর্ত্তব্য।
জীবনের এই অবশ্য কর্ত্তব্য পালনে সহায়তা করিবার জন্য "হিন্দুস্থানের" কর্ম্মিগণ সর্ব্বদাই প্রস্তুত। হেড অফিসে পত্র লিখিলে, কিংবা স্থানীয় প্রতিনিধির সহিত দেখা করিলে প্রয়োজন ও সামর্থ্য অনুরূপ বীমাপত্রের পরামর্শ পাইবেন।
হিন্দুস্থান কো-অপারেটিভ্
ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড্
হেড অফিস—হিন্দুস্থান বিল্ডিংস
৪নং চিত্তরঞ্জন এভিনিউ, কলিকাতা

হাতে কাটা

বিশুদ্ধ পৈতা

মূল্য ছয় পয়সা

পণ্ডিত প্রেসে পাইবেন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ

১৭ই ভাদ্র বুধবার সন ১৩৫৪ সাল

## স্বাধীনতা দিবস উপলক্ষে

### বিরাট শোভাযাত্রা

—:০:—

গত ২৮শে আগষ্ট বৃহস্পতিবার বিপুল উৎসাহ, উদ্দীপনা এবং আনন্দের মধ্যে এখানে "স্বাধীনতা দিবস" প্রতিপালিত হইয়াছে। ছাত্র-ছাত্রী, কিশোর-কিশোরী, ব্যবসায়ী, কেরাণী, কৃষক, শ্রমিক, ধনী-দরিদ্র সকলেই শোভাযাত্রায় যোগদান করিয়াছিলেন। রঘুনাথগঞ্জ কারমাইকেল রোডে স্থানীয় কংগ্রেস কর্ম্মী শ্রীমান্ সাকেত-রঞ্জন ব্রহ্ম ত্রিবর্ণ রঞ্জিত অশোক চক্র-লাঞ্ছিত নব ভারতের নূতন জাতীয় পতাকা উত্তোলন করেন। অতঃপর এক বিরাট শোভাযাত্রা সেখান হইতে বাহির হইয়া মুহুর্মুহু 'বন্দেমাতরম্,' 'স্বাধীন ভারত কি জয়,' 'গান্ধীজী কি জয়,' 'নেতাজী কি জয়,' 'জয় হিন্দ' প্রভৃতি ধ্বনি করিতে করিতে সমস্ত সহর প্রদক্ষিণ করে। শোভাযাত্রা কারমাইকেল রোডে প্রত্যাবর্ত্তন করার পর ভারতের শহীদগণের উদ্দেশ্যে শহীদমঞ্চে পুষ্পমাল্য প্রদান করা হয়।

এইদিন বেলা ২ ঘটিকার সময় জঙ্গিপুর মহাবীর তলা হইতে এক বিরাট শোভাযাত্রা বাহির হইয়া সহরের সমস্ত রাস্তা প্রদক্ষিণ করে। মফঃস্বল হইতে বিপুল উৎসাহে দলে দলে লোক আসিয়া শোভাযাত্রায় যোগদান করে। এত বড় শোভাযাত্রা এখানে ইতিপূর্ব্বে দেখা যায় নাই। সন্ধ্যার পর প্রতি গৃহে আলোক-সজ্জা এবং ভাগীরথী তীরে বাজী পোড়ান হয়।

---

## ৺কালীমাতার পূজার্চ্চনা

'স্বাধীনতা' উপলক্ষে জঙ্গিপুর মিউনিসিপ্যালিটীর ৫নং ওয়ার্ড রঘুনাথগঞ্জ চাউলপটীতে এই ওয়ার্ডের বিশিষ্ট জনগণের চেষ্টায় শ্রীমান্ রামপদ চন্দ্রের দোকান ঘরে গত ১৮ই ভাদ্র মঙ্গলবার ৺কালীমাতার পূজার্চ্চনা হইয়া গিয়াছে। উক্ত উৎসবে প্রায় চারি শত লোক নিমন্ত্রিত হইয়া প্রসাদ গ্রহণ করিয়াছেন।

---

## নৃশংস হত্যাকাণ্ড

রঘুনাথগঞ্জ থানার অন্তর্গত কালীতলার বিশিষ্ট ব্যবসায়ী ও জমিদার বাবু জয়চাঁদ সেরাওগী গত ২রা সেপ্টেম্বর জঙ্গিপুর কোর্ট হইতে বাড়ী ফিরিবার সময় সন্ধ্যার প্রাক্কালে পথিমধ্যে আততায়ী কর্ত্তৃক আক্রান্ত হইয়া নিহত হইয়াছেন। থানায় খবর আসিলে থানার ভারপ্রাপ্ত দারোগা বাবু ঘটনাস্থলে গমন করেন। জয়চাঁদ বাবুর শব ব্যবচ্ছেদের জন্য জঙ্গিপুরে আনা হয়। তাঁহার দেহের বহু স্থানে আততায়ীর অস্ত্রাঘাত পরিলক্ষিত হয়। জোর পুলিশ তদন্ত চলিতেছে।

---

## নিলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর ২য় মুন্সেফী আদালত

### নিলামের দিন ১৫ই সেপ্টেম্বর ১৯৪৭

১৯৪২ সালের ডিক্রীজারী

১৩২ থাঃ ডিঃ রাজা কমলারঞ্জন রায় দিং দেং কুলদ্বীপ নারায়ণ ভকত দিং দাবি ৭৫৶৬ থানা সাগরদীঘি মৌজে ভুরকুণ্ডা ৮-৭৭ শতকের কাত ২৩৷৴০ আঃ ২৫৲ খং ২০৪

## মনুষ্য জীবনের মেয়াদ বৃদ্ধির চেষ্টা

### সোভিয়েট বৈজ্ঞানিকগণের পরীক্ষা

সোভিয়েট ডাক্তারেরা আশা প্রকাশ করিতেছেন যে, তাহাদের বর্ত্তমান পরীক্ষাগুলি সফল হইলে মনুষ্য জীবনের মেয়াদ সাধারণতঃ ১২০ বৎসর এবং উত্তম ব্যবস্থাধীনে ১৭৫ বৎসর পর্য্যন্ত বর্দ্ধিত করা যাইবে।

---

## ডাঃ বি, এন, দে

### মঙ্গলবার নিউইয়র্ক যাত্রা

কলিকাতা কর্পোরেশনের ভূতপূর্ব্ব চীফ ইঞ্জিনীয়ার ডাঃ বি, এন, দে মঙ্গলবার বিমান-যোগে নিউইয়র্ক যাত্রা করিয়াছেন।

তিনি কলিকাতার মেয়রের ব্যক্তিগত প্রতিনিধি হিসাবে আমেরিকার নাগরিক ও মিউনিসিপ্যালিটি সম্পর্কে বিশেষজ্ঞদের সহিত আলোচনা করিবেন।

---

## কোক কয়লার মূল্য বৃদ্ধি

ভারত গভর্ণমেণ্টের নির্দ্দেশ অনুযায়ী গত ২২শে আগষ্ট হইতে বাংলা ও বিহারের খনি অঞ্চলের কয়লার দর টন প্রতি ৫৲ টাকা ১১ আনা বাড়াইয়া দেওয়া হইয়াছে।

---

## সীমানা কমিশনের রায় অপরিবর্ত্তনীয়

পূর্ব্ববঙ্গের প্রধান মন্ত্রী খাজা নাজিমুদ্দিন নিম্নলিখিত বিবৃতি দিয়াছেন :—

সম্প্রতি করাচীতে যাইয়া আমি কায়েদ-ই-আজম এবং পাকিস্থানের প্রধান মন্ত্রীর সহিত সীমানা নির্দ্ধারণ কমিশনের রায়ের ফলে উদ্ভূত অবস্থার বিষয় আলোচনা করিয়াছি।

কিন্তু ভারত স্বাধীন আইন অনুযায়ী সীমানা কমিশনের রায়ই চূড়ান্ত। একমাত্র উভয় গভর্ণমেণ্টের মধ্যে আপোষের ফলে ইহার পরিবর্ত্তন হইতে পারে। এই রায় অত্যন্ত অন্যায় এবং অযৌক্তিক এবং ইহা ভাগাভাগির মূল নীতির বিরোধী।

মুসলমানদের নিকট আমার আবেদন, তাঁহারা যেন পাকিস্থানের শান্তিরক্ষার আবশ্যকতার কথা একেবারে বিস্মৃত না হন। জনসাধারণ যতই দুঃখিত হউন না কেন, পাকিস্থানের খাতিরে পাকিস্থানে শান্তি রক্ষার জন্য কায়েদ-ই-আজম যে আবেদন করিয়াছেন, তাহা যেন অক্ষরে অক্ষরে পালন করা হয়।

## রেল কর্ম্মচারীদের বেতন

### ১৬ই আগষ্ট হইতে নূতন হারে দিতে হইবে

নিখিল ভারত রেল কর্ম্মচারী সমিতি ১৯৪৭ সনের ৪ঠা আগষ্ট রেলওয়ে বোর্ডের নিকটে যে দাবী পেশ করেন, সেগুলি বর্ত্তমানে রেলওয়ে বোর্ডের বিবেচনাধীন রহিয়াছে।

১৯৪৭ সনের রেল কর্ম্মচারীদের বেতন ও মাগ্‌গী ভাতা সম্পর্কে যে সকল নিয়মাবলী অগোণে প্রবর্ত্তিত হইবে তাহা গত ২১শে জুলাই (১৯৪৭) তারিখে অসামরিক কর্ম্মচারীদের সম্পর্কে ঘোষিত ব্যবস্থানুযায়ী ঠিক করা হইবে এবং ১৬ই আগষ্ট হইতে প্রযোজ্য হইবে।

## নোয়াখালীতে কাগজের অগ্নিমূল্য

নোয়াখালীর সর্ব্বত্র লিখিবার কাগজের অভাব দেখা দেওয়ায় ছাত্র এবং মামলাবাজ লোকেরা দারুণ অসুবিধায় পড়িয়াছে। এক খণ্ড কাগজ ৬ আনায় বিক্রয় হইতেছে।

## আবহাওয়া

কয়েকদিন হইতে মেঘের অবস্থা ঘোলাটে হইয়া আছে। মাঝে মাঝে দু-এক পশলা বৃষ্টিও হইতেছে। ইহাতে ভাদুই ধান্যের ক্ষতি হইতেছে।

## পরলোকে

বিগত ৩০শে শ্রাবণ ৺বৈদ্যনাথ ধামে বহরমপুরের জমিদার ও মিউনিসিপ্যাল কমিশনার বাবু চিত্তরঞ্জন সেন মহাশয় পরলোকগমন করিয়াছেন। মৃত্যুকালে তিনি ১ পুত্র ও ৪ কন্যা রাখিয়া গিয়াছেন। তিনি গরীব ও দুঃখীর দরদ অনুভব করিতেন এবং যথাসাধ্য সাহায্যও করিতেন। আমরা চিত্তরঞ্জন বাবুর মৃত্যুতে তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের সহিত সমবেদনা জ্ঞাপন করিতেছি।

## সহরের স্বাস্থ্য

বর্ত্তমানে কোনরূপ সংক্রামক ব্যাধির সংবাদ না পাওয়া গেলেও আমাশয়, ম্যালেরিয়া প্রায় বাড়ীতেই দেখা যাইতেছে।

## বাজার দর

স্থানীয় বাজারে আলু এক টাকা সের, পটল ছয় আনা হইতে আট আনা সের, ঝিঙে দুই আনা এবং মাছ দুই টাকা হইতে তিন টাকা সের। চাউল টাকায় পৌণে দুই সের ও দুই সের করিয়া বিক্রয় হইতেছে। জ্বালানী কাষ্ঠ ও ঘুঁটের খুব অভাব হইয়াছে। ইহাতে মধ্যবিত্ত ও গরীব দুঃখীগণ বড়ই কষ্টভোগ করিতেছে।

## ডাকমাশুল ও ডাকব্যবস্থা

### আগামী মার্চ্চ পর্য্যন্ত অপরিবর্ত্তিত থাকিবে

একটী সরকারী ইস্তাহারে জানান হইয়াছে যে, ১৯৪৭ সালের ১৫ই আগষ্ট ক্ষমতা হস্তান্তরের দিন হইতে ১৯৪৮ সালের ৩১শে মার্চ্চ পর্য্যন্ত উভয় ডোমিনিয়নে বর্ত্তমান ডাকমাশুলই বলবৎ থাকিবে। এই সময়ের মধ্যে ডাক বিনিময়ও বর্ত্তমান ব্যবস্থা অনুসারে নিয়ন্ত্রিত হইবে। ভারতীয় পোষ্ট্যাল অর্ডার ও ন্যাশনাল সেভিং সার্টিফিকেট বিক্রয়, মনি অর্ডার এবং রেজিষ্টারী ও ইন্সিওর করা ভি, পি ডাক প্রেরণেও কোন বিধি নিষেধ থাকিবে না।

'ইণ্ডিয়া পোষ্টেজ' চিহ্নিত ডাক টিকিট উভয় ডোমিনিয়নেই ১৯৪৭ সালের ১লা অক্টোবর পর্য্যন্ত স্বীকৃত হইবে। এই তারিখ হইতে পাকিস্থান ডোমিনিয়নে যে ডাক টিকিট ব্যবহৃত হইবে, তাহার উপর 'পাকিস্থান' শব্দটী মুদ্রিত থাকিবে। ১৯৪৭ সালের ১লা অক্টোবর যাঁহাদের নিকট 'ইণ্ডিয়া পোষ্টেজ' চিহ্নিত ডাক টিকিট বা ডাক বিভাগের অন্যান্য ফরম থাকিবে, তাঁহারা ঐগুলি বদলাইয়া 'পাকিস্থান' শব্দযুক্ত ডাক টিকিট ইত্যাদি লইতে পারিবেন; কিন্তু বদলাইয়া লইবার এই সুবিধা ৩ মাস অর্থাৎ ১৯৪৭ সালের ৩১শে ডিসেম্বর পর্য্যন্ত থাকিবে।

১৯৪৭ সালের ১লা অক্টোবর হইতে সীমান্তবর্ত্তী সহরগুলিতে ডাক বিনিময় অফিস স্থাপনের ব্যবস্থা করা হইবে। মনি অর্ডার, ইন্সিওর করা দ্রব্য এবং ভি, পি পার্শেল ও দ্রব্যাদি এই সকল সমীপবর্ত্তী অফিসগুলির মারফৎ যাইবে এবং আন্তর্জ্জাতিক বা সাম্রাজ্যের ভিত্তিতে এই সকল ডাকের আদান-প্রদান হইবে।

## পশ্চিম বাঙ্গালায় ষ্ট্যাণ্ডার্ড টাইম

৩১শে আগষ্ট মধ্যরাত্রি হইতে পশ্চিমবঙ্গের সকল সরকারী অফিসে ভারতীয় 'ষ্ট্যাণ্ডার্ড টাইম' প্রবর্ত্তন করা হইবে বলিয়া পশ্চিমবঙ্গের গবর্মেণ্ট সিদ্ধান্ত করিয়াছেন। ঐদিন রাত্রি ১টার সময় সমুদয় ঘড়ি এক ঘণ্টা পিছাইয়া দেওয়া হইবে। বাঙ্গালা সরকার যে 'বেঙ্গল টাইম' প্রবর্ত্তন করিয়াছিলেন, ঐ তারিখ হইতে পশ্চিমবঙ্গে উহা আর চলিবে না। ১লা সেপ্টেম্বর হইতে সমুদয় সরকারী অফিসে বেলা ১০টা হইতে বেলা ৫টা (ভারতীয় ষ্ট্যাণ্ডার্ড টাইম) পর্য্যন্ত এবং শনিবার দিন বেলা ১০টা হইতে ১॥০ টা পর্য্যন্ত কাজ চলিবে।


বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় তৈল, ঔষধ

পাইবার

বিশ্বাসযোগ্য প্রতিষ্ঠান

**ব্রজশশী আয়ুর্ব্বেদ ভবন**

প্রতিষ্ঠাতা—কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়,

বি-এ, কবিরত্ন।

রঘুনাথগঞ্জ — মুর্শিদাবাদ

মাত্র ৩৲ তিন টাকায় ১২টী রবার ষ্ট্যাম্প
ডাক মাশুল লাগে না।
প্রাপ্তিস্থান :—পণ্ডিত প্রেস, রঘুনাথগঞ্জ।

**STAMPED.**
**ORIGINAL.**
**REFUSED.**
**FILED.**
**DUPLICATE.**
**BOOK-POST.**
**URGENT.**
**CANCELLED.**
**ANSWERED.**
**PAID.**
**COPIED.**
**REGISTERED.**

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵১০ আনা, বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।


ইংরাজী বিজ্ঞাপনের চার্জ্জ বাংলার দ্বিগুণ।

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ টাকা হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।

শ্রীবিনয়কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।




# স্বরবল্লী



যে সব ডাক্তাররা
স্বরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

**সি. কে. সেন এণ্ড কোং লিঃ**
**জবাকুসুম হাউস, কলিকাতা**

## দি ওয়ার্ম ইণ্ডিকা (আমেরিকায় পরীক্ষিত)

অদ্যাবধি বহু রোগী ইহাতে আশ্চর্য্যজনক ফল পাইয়াছেন। ব্যবস্থানুযায়ী মানুষ ও গরু, মহিষ, ছাগল প্রভৃতি জন্তুর কৃমি রোগ আরোগ্য হইবে। ইহাতে রক্ত-আমাশয় ও কানের পুঁজ আরোগ্য হয়

প্রাপ্তিস্থান—ডাঃ দেবেন্দ্রচন্দ্র দাস
"অটলবিহারী শাখা ঔষধালয়" রঘুনাথগঞ্জ, (মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ পণ্ডিত-প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত